# অক্টোবর/২০১৯ মাসের দিনাজপুর সদর উপজেলার এনজিও কর্ম তৎপরতা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফিরুজুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর।

সভার তারিখ ঃ ২৪/১০/২০১৯ খ্রিঃ।

সময় ঃ ১১.০০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'- তে সন্নিবেশিত হল ঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্য-বিবরণী সভায় পাঠ করে শুনানো হয়।

আলোচনা ঃ সভাপতির অনুমতিক্রমে মশিহপাড়া, উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প সংস্থা মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে সংস্থার পরিচিতি ও দিনাজপুর সদর উপজেলায় তাদের কর্ম পরিচালনার সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করেন। অত:পর গত মাসের প্রতিবেদন পরবর্তী মাসের ১ হতে ৭ তারিখের মধ্যে দাখিলের বিষয় আলোচনা হয়।

নিম্নে দিনাজপুর সদর উপজেলার এনজিও সমূহের অক্টোবর/২০১৯ মাসের মাসিক প্রতিবেদন বাস্তবায়িত প্রকল্পের তথ্যাবলী প্রদত্ত হলোঃ

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| বিএসডিএ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্রঋণ দেওয়া হয় ৭,৫৬,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ১,৫০,০০০/- টাকা। (কত জনের মধ্যে ঋণের টাকা বিতরণ করা হয় তা উল্লেখ করা হয়নি)<br><br>বর্তমানে বিএসডিএ-ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ৬০টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৬৫০জন। ২৫ জন শিক্ষিকাকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয় এবং ৪০টি অভিভাবক সভা করা হয়েছে। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| পিএসটিসি | ❖ হেলথ কার্যক্রম | বিবেচ্য মাসে এইচআইভ/এইডস বিষয়ে জ্ঞান বৃদ্ধির জন্য সমাজের ঝুকিপূর্ণ তরুনদের সমাজিক সংহতি শেখার জন্য উঠান বৈঠক সম্পন্ন হয়েছে ১৮টি। অংশগ্রহণকারী পুরুষ-২২০জন, মহিলা-১৪০ জন।<br>এছাড়া বিবেচ্য মাসে সরকারি সেবাদানকারী প্রতিষ্ঠানে রোগী রেফার করা হয়েছে মোট-৮৭ জন। পুরুষ-৩১জন, নারী- ৫৬ জন। | দিনাজপুর সদর | যথাযথ প্রতিবেদন প্রাদান করার জন্য অনুরোধ করা হলো। |
| মেরী স্টোপস ক্লিনিক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br>(২) নিরাপদ এমআর করণ | বিবেচ্য মাসে প্রসবকালীন স্বাস্থ্য সেবা দেওয়া হয় ৭৩ জনকে এবং যৌন সংক্রমন চিকিৎসা সেবা দেওয়া হয় ২৭ জনকে।<br><br>বিবেচ্য মাসে ৮৭ জনকে নিরাপদ এমআর সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| জেএসকেএস সংস্থা | ❖ ইয়থ প্রকল্পের চলমান কার্যক্রম লক্ষ ও অর্জন নিয়ে পর্যালোচন্ | গত মাসে প্রকল্পের চলমান কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন স্ব স্ব প্রজেক্ট ফেসিলেটেটর উপস্থাপন করেন। যাহা গত মাসের কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জন সঠিক সময়ে বাস্তবায়ন করা সম্ভব হয়েছে। | দিনাজপুর সদর | |
| সনাক | (১) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | ➢ বিবেচ্য মাসে জনগনের সঠিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২৫০ শয্যা বিশিষ্ট দিনাজপুর জেনারেল হাসপাতালের সেবা সম্পর্কিত তথ্যপত্র বিতরণ বিষয়ক ক্যাম্পেইন আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পেইনে বিপুল জনসমষ্টিকে হাসপাতালের সেবা সম্পর্কিত তথ্য ও পরামর্শ প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| সোসাইটি ফর উদ্যোগ | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে ৯০ জনকে ২৬,৬৬,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এ মাসে ঋণ আদায় করা হয় ২৪,৫১,৬৩৭/- টাকা, সঞ্চয় আদায় করা হয় ২৪,৬৫,৫৪৩/- টাকা এবং সঞ্চয় ফেরত প্রদান করা হয় ২,৬৬,৩৮৪/- টাকা।<br><br>বিবেচ্য মাসে সুবড়া নাপিতপাড়া ও সুবড়া পূর্বপাড়া কৃষক দলে ২০ জন কৃষককে চলতি আমন মৌসুমে মাটি পরীক্ষা করে প্রয়োজনীয় রাসায়নিক সার ব্যবহার ও জৈব সার ব্যবহারের জন্য পরামর্শ প্রদান করা হয়।<br>বসতবাড়ীর চারপার্শে বিষমুক্ত সব্জি উৎপাদনের পরামর্শ দেওয়া হয়। | পৌরসভা ১ নং ও ৪নং ইউপি, | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| মশীহপাড়া চাইল্ড ডেভেলপমেন্ট স্পন্সরশীপ প্রোগ্রাম, বিডি- ২২৫ | (১) সামাজিক শিক্ষা কার্যক্রম<br><br>(২) জাতীয় শিক্ষা কার্যক্রম<br><br>(৩) বাড়ি পরিদর্শন | বয়স অনুযায়ী শিশুদের সামাজিক সচেতনতা শিক্ষা প্রদান করা হয়েছে।<br>৩-৫ বছর= ১। আমি কে, ২। নিজের ইচ্ছামত পছন্দ করা।<br>৯-১১বছর= ১। একজন বন্ধুর জন্য সাহায্য চাওয়া, ২। বিশ্বাস করতে শেখা।<br><br>১৬০ জন শিশু দিনাজপুরের বিভিন্ন প্রাইমারী স্কুল, কিন্ডার গার্টেন, হাই স্কুলে ও কলেজে লেখাপড়া করছে। সপ্তাহের সপ্তাহের ৫দিন ২ঘন্টা ৩ জন স্পেশালিস্ট শিক্ষকের মাধ্যমে ৬ষ্ট-১০ম শ্রেণী পর্যন্ত স্পেশাল শিক্ষা প্রদান করা হচ্ছে।<br><br>এ মাসে প্রকল্পের ৪৫ টি শিশুর বাড়ি পরিদর্শনে যাওয়া হয়। এবারের মূল বিষয় ছিল শিশুর পড়াশুনা, পরিস্কার-পরিচ্ছন্নতা ও পিতা-মাতার বাধ্যতা ইত্যাদি বিষয়ে গুরুত্বারোপ। | দিনাজপুর সদর। | |
| নুরমিশন বাংলাদেশ | (১) নলকুপ স্থাপন কার্যক্রম<br>(২) শিক্ষা কার্যক্রম | বিবেচ্য মাসে ৬টি পরিবারের জন্য ১টি নলকূপ স্থাপন করা হয়<br><br>বিবেচ্য মাসে কার্যক্রম কোয়ার্টালী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়। | দিনাজপুর সদর। | |
| অনুঘটক | (১) বনায়ন কার্যক্রম<br><br>(২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | বিবেচ্য মাসে পরিবেশ বান্ধব নার্সারী করা হয় ০৫ টি।<br><br>বিবেচ্য মাসে মাদকজাত দ্রব্য জনসচেতনতা সভা করা হয় ০১টি। | দিনাজপুর সদর | |
| অনন্যা সংস্থা | ১) প্রতিবন্ধী উন্নয়ন কর্মসূচী<br><br>২) দিবস পালন | ❖ ০৮ জন প্রতিবন্ধীকে ব্যায়াম পরামর্শ দেওয়া হয়, ০২ জনকে চক্ষু হাপাতালে রেফার করা হয়, ০২টি সচেতনতামূলক সভা করা হয়।<br><br>❖ ১লা অক্টোবর 'বিশ্ব প্রবীণ দিবস' উপলক্ষে র‍্যালী ও আলোচনা সভা করা হয়। এছাড়া ১৬ অক্টোবর 'বিশ্ব খাদ্য দিবস' উপলক্ষে র‍্যালী ও আলোচনা সভায় অংশগ্রহণ এবং জেলা প্রশাসকের কার্যালয় স্মারকলিপি প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| উত্তরণ প্রতিবন্ধী সংস্থা | (১) প্রতিবন্ধী ব্যক্তি সনাক্তকরণ<br><br>(২) প্রতিবন্ধী ব্যবসা মনিটরিং | ২নং সুন্দরবন ইউনিয়ন পরিষদ হতে ৫জন প্রতিবন্ধী ব্যক্তিকে উপজেলা সমাজসেবা কার্যায়ে নিয়ে যাওয়া এবং পরিচয় পত্র পাওয়ার ব্যাপারে সনাক্তকরণ করা হয়।<br>বিবেচ্য মাসে ৪০জন প্রতিবন্ধী ক্ষুদ্র উদ্যোক্তা ব্যবসায়ীদের দোকান মনিটরিং করা হয়। | | |
| ব্লাস্ট | ❖ আইন সহায়তা কার্যক্রম | বিবেচ্য মাসে অভিযোগ গ্রহন করা হয় ২৯ টি, পরামর্শ প্রদান করা হয় ০৮ টি, মামলা দায়ের ০৭ টি, মামলা নিস্পত্তি ১৬ টি। | দিনাজপুর সদর | |



2

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| এমকেপি | ❖ সমিতি সভা, ফোরম সভা ও যোগাযোগ বৃদ্ধি | বিবেচ্য মাসে ৩৫টি দলে উঠান বৈঠকের মাধ্যমে নারী-পুরুষের মধ্যে সমতা উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহন, নারী নির্যাতন প্রতিরোধ, নারীর ক্ষমতায়ন, বাড়ীর আশেপাশের জমিতে সবজি চাষ এবং মাদকাসক্তির কুফল বিষয়ে আলোচনা করা হয়। | দিনাজপুর সদর। | |
| এডরা বাংলাদেশ | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) চিকিৎসা ও পুষ্টি কার্যক্রম | ১৩ জন মেয়েকে সেন্ট ফ্রান্সিস জেভিয়ার স্কুলে ভর্তি করা হয়েছে। তারা নিয়মিত স্কুলে যাওয়া আসা করছে।<br><br>বিবেচ্য মাসে ১জন মেয়েকে চিকিৎসা প্রদান করা হয় এছারা মেয়েদের ৩১ দিনে ৯৩ বেলা পুষ্টিকর খাবার প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| ওয়াইডাব্লিউসিএ | ১। শিক্ষা কার্যক্রম<br><br>২। ঋণ কার্যক্রম | বিবেচ্য মাসে নার্সারী ও ফ্রি স্কুলের ছাত্র-ছাত্রীদের যথা রীতি ক্লাস শুর হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ০৯ জনকে ১,৮৬,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। এমাসে সঞ্চয় আদায় হয় ৪,০৪,২৫০/- টাকা। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদেয়ের অনুরোধ করা হলো। |
| গ্রাম বিকাশ কেন্দ্র | (১) শিক্ষা কার্যক্রম<br><br>(২) সহায়তা প্রদান | বিবেচ্য মাসে ২৯০ জন আদিবাসী ছাত্র/ছাত্রী ১ম থেকে ৫ম শ্রেণী পর্যন্ত ১৪টি কমিউনিটিতে পড়া-লেখার অগ্রগতির জন্য শিক্ষক-শিক্ষিকার মাধ্যমে শিক্ষা সহায়তা পাঠদান করা হচ্ছে।<br><br>বিবেচ্য মাসে প্রকল্পের কমিউনিটি লোকদের ইউপিতে যোগাযোগ করার জন্য উদ্বুদ্ধ করা হয় এবং ৪৭ জনকে (নারী-২৯, পুরুষ-১৮) ভিজিএফ, বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতা পাওয়ার ব্যবস্থা করা হয়। | দিনাজপুর সদর | |
| ডেমক্রেসওিয়াচ | ❖ নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন<br><br>❖ সভা কার্যক্রম | নির্বাচাতি নারী জন-প্রতিনিধিরা স্থানীয় সেবার মান উন্নয়নে এবং দারিদ্র দূরীকরনে জনগনের কাছে দায়বদ্ধ থেকে সাবেক এবং ভবিষৎ নারী প্রতিনিধিদের / নেতৃত্বকে সঙ্গে নিয়ে নারী ক্ষমতায়নে সুনির্দিষ্ট ভূমিকা রাখবে।<br>স্থানীয় সেবাদানকারী প্রতিষ্ঠানের সাথে ত্রৈমাসিক সভা করা হয়। অশংগ্রহণকারী মোট- ১৯৭জন। পুরুষ- ৫০জন, নারী-১৪৭ জন। | দিনাজপুর সদর | |
| দি লেপ্রসী মিশন বাংলাদেশ | (১) স্যানিটেশন কার্যক্রম<br><br>(২) প্রতিবন্ধী কার্যক্রম<br><br>(৩) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম<br><br>(৪) প্রশিক্ষণ কার্যক্রম | বিবেচ্য মাসে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহারে সদস্যদের বিভিন্ন মুখী কর্মের মাধ্যমে উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধি করা হয়।<br><br>বিবেচ্য মাসে কুষ্ঠ ও অন্যান্য শারিরীক প্রতিবন্ধীদের নিয়ে দল গঠন ও শক্তিশালীকরণ কার্যক্রম চলমান রয়েছে মোট ২৬ টি দল চলমান আছে। যার সদস্য সংখ্যা ২৭১ জন।<br><br>বিবেচ্য মাসে ২০ জন নতুন সন্দেহভাজন রোগী হাসপাতালে প্রেরণ করা হয় এবং তাদের মধ্যে ০৩ জন কুষ্ঠ রোগী সনাক্ত করা হয়।<br><br>বিবেচ্য মাসে প্রতিবন্ধী সদস্য ও তাদের পরিবারের সদস্যদের সমাজ ভিত্তিক কারিগরী প্রশিক্ষনের মাধ্যমে জীবন জীবিকার মান উন্নয়ন সহায়তাকরণ সর্ম্পকে অবহিত করা হয় | দিনাজপুর সদর উপজেলা | |
| ওয়ার্ল্ড ভিশনবাংলাদেশ, নর্দান বাংলাদেশ রিজিওনাল ইন্টিগ্রেটেড কমিউনিটি | (১) স্বাস্থ্য, পুষ্টি, নিরাপদ পানি ও পয়: নিষ্কাশন কর্মসুচী | ❖ পুষ্টি কর্মসূচি (শিশুর ওজন পরিমাপের মাধ্যমে শিশুর পুষ্ট মান নির্নয় ও শিশুর মাকে নিয়ে সচেতনতা/ অভ্যাস পরিবর্তনের জন্য সেশন) ৪৫০১জন (শিশু)।<br><br>❖ সরকারের সাথে জাতীয় স্যানিটেশন মাস উদযাপন ও বিশ্ব হাত ধোঁয়া দিবস -১ টি, অংশগ্রহনকারী ৬০০ জন। | পৌরসভা, আউলিয়া পুর, চেহেলগাজী শেখপুরা ইউনিয়ন | |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ডেভেলপমেন্ট প্রকল্প | (২) জীবিকায়ন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসুচী<br><br><br><br><br><br><br>(৩) জন সম্পৃক্তকরণ ও স্পন্সরশীপ পরিকল্পনা | ❖ আত্ব-কর্ম সংস্থান বৃদ্ধির জন্য ৭১ জন হত দরিদ্র লক্ষিত পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ববিশ্বাস ও সক্ষমতা বৃদ্ধির জন্য ৪৭৫ জন হত দরিদ্র পরিবারের সদস্যের প্রশিক্ষণ প্রদান।<br>❖ আত্ব-কর্ম সংস্থান বিষয় কাযক্রম পরিচালনার জন্য ৩ সহায়তাকারীদের পারিশ্রমিক প্রদান।<br>❖ জেলা ত্রাণ কার্যালয় ও জেলা প্রশাসনের সাথে সমন্তিত হয়ে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন<br><br>❖ কমিউনিটি জনগনের সাথে দুর্যোগ প্রস্তুতি ও প্রশমন বিষয়ক পরিকল্পনা প্রনয়ণ, অংশগ্রহনকারী ৫০০ জন<br>❖ সরকারের সাথে জাতীয় শিশু অধিকার সপ্তাহ (বাল্য বিবাহ প্রতিরো ধদিবস, জাতীয় কন্যা শিশু দিবস) দিবস উদযাপন -১ টি, অংশগ্রহনকারী ২৫০ জন।<br>❖ শিশু বিষয়ক অন্যান্য কার্যক্রম ১৯০জন (শিশু)<br>❖ জেলা সমাজসেবা কার্যালয় এর সাথে সমন্বিত হয়ে বিশ্ব সাদা ছড়ি দিবস পালন। | | |
| পল্লীশ্রী | (১) ঋণ কার্যক্রম<br><br>(২) বাল্য বিবাহ রোধ কার্যক্রম<br><br><br><br><br><br>(৩) সভা কার্যক্রম | বিবেচ্য মাসে ৭৯,২৪,০০০/- টাকা ঋণ বিতরণ ও ৭১,৭২,২৭৮/- টাকা ঋণ আদায় করা হয়।<br>বিবেচ্য মাসে বাল্য বিবাহ নিরোধ দিবস/২০১৯ উদযাপন উপলক্ষে মানববন্ধন ও আলোচনা সভা করা হয়। জেলা প্রশাসন ও জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে মানববন্ধন ও আলোচনা সভায় অংশগ্রহণ করা হয়। আলোচনা সভা ও মানববন্ধনে কমিউনিটি ও ইয়ুথ দলের ৫০জন নারী পুরুষ অংশগ্রহণ করে।<br>বিবেচ্য মাসে নারী ক্লাবে ০৩টি সভা হয়েছে। সভার আলোচ্য বিষয় ছিল- 'নিজের যত্ন নিজেই করি, সুস্থ্য থাকি'। | দিনাজপুর সদর। | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |
| সিডিএ | ❖ কৃষি ও পরিবেশ এবং অন্যান্য কার্যক্রম | বিবেচ্য মাসে সামিতির সাপ্তাহিক সভা অনুষ্ঠিত হয় ৪০টি, জনসংগঠনের সাধারন পরিষদের সভায় সহায়তা প্রদান অনুষ্ঠিত হয় ২৫টি, জনসংগঠনের নির্বাহী পরিষদের সভা সহায়তা প্রদান ৪৮টি।<br>এছাড়া বিবেচ্য মাসে বসতবাড়ীতে সবজি চাষ ১০টি, পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ ০১টি, ফলের চারা বিক্রি ২০টি এবং বৃক্ষ রোপন করা হয় ৪০টি। | দিনাজপুর সদর। | |
| ব্র্যাক | (১) ঋণ কার্যক্রম<br><br><br>(২) শিক্ষা কার্যক্রম<br><br><br><br><br>(৩) স্যানিটেশন কার্যক্রম<br><br><br><br><br>(৪) বনায়ন কার্যক্রম | বিবেচ্য মাসে ক্ষুদ্র মহিলা ঋণ দেওয়া হয় ১৩২৫ জন কে ৪,৯০,৫০,০০০/- টাকা এবং কৃষি ঋণ দেওয়া হয় ১৮৫ জনকে ৬৫,৩০,০০০/- টাকা।<br>বিবেচ্য মাসে চলমান ব্র্যাক প্রাইমারী স্কুল সংখ্যা ০৫ টি, ছাত্র/ছাত্রী সংখ্যা ১৪৫ জন। শিক্ষকদের বিষয় ভিক্তিক প্রশিক্ষণ প্রদান চলতি মাসে ২ জনকে দেওয়া হয় এবং এ পর্যন্ত ২০টি স্কুলের ১০০ জন শিক্ষককে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ দেওয়া হয়।<br><br>বিবেচ্য মাসে গ্রাম ওয়াশ কমিটির মিটিং ০১টি অনুষ্ঠিত হয় এবং এ পর্যন্ত ১৭৩ টি ওয়াটশন মিটিং অনুষ্ঠিত হয়েছে। ৩৬ টি স্কুলে স্যানিটেশন তৈরি করে দেওয়া হয়েছে এবং স্যানিটেশন মাস অক্টোবর/১৯ মাসব্যাপি উদযাপন করা হয়েছে।<br><br>বিবেচ্য মাসে ১০১৫০টি চারা বিক্রয়ের মাধ্যমে পরিবেশ ও বনায়নে সহায়তা করা হয়েছে। এছাড়া কৃষি প্রযুক্তি ও বৃক্ষ মেলা ২০১৯ ব্র্যাক অংশগ্রহণ করে ১ম স্থান অধিকার করেছে। | দিনাজপুর সদর | প্রান্তিক ঋণ গ্রহিতাদের হয়রানী না করে ঋণের টাকা আদায়ের অনুরোধ করা হলো। |

| সংস্থার নাম | কার্যক্রমের বিবরণ | বিবেচ্য মাসে সংস্থার উল্লেখযোগ্য সমূহ | কর্ম এলাকা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| | (৫) নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর ক্ষমতায়ন | চলতি মাসে ০৩ টি পরিবারকে এবং ২০১৯ইং অর্থবছরে ৩০টি পরিবারকে নির্যাতন হতে প্রতিরোধ করা হয়েছে। | | |
| | (৬) প্রতিবন্ধী কার্যক্রম | বিবেচ্য মাসে ব্র্যাক স্কুলে ৮৫ জন প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সযোগ সুবিধা দিয়ে আসছে। বিশ্ব প্রতিবন্ধী দিবস/২০১৯ পালন করা হয়েছে। | | |
| | (৭) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম | বিবেচ্য মাসে গর্ভকালীন সেবা প্রদান করা হয় ১২৪৫ জনকে এবং ২০১৯ অর্থ বছরে ১২৩৯৫ জনকে সেবা প্রদান করা হয়। | | |
| | (৮) কৃষি ও পরিবেশ | বিবেচ্য মাসে কৃষি প্রযুক্তি ব্যবহার করে ২০০ কেজি, ২০১৯ অর্থ বছরে ১৮০০কেজি রবি ও খরিপ মৌসুমী সবজিবীজ যেমন লাউ, মুলা, শিম, শসা, মিষ্টি কুমড়া ইত্যাদি উৎপাদন করা হয়েছে। | | |
| | (৯) প্রাকৃতিক দুর্যোগ ও ব্যবস্থাপনা | ব্র্যাক দিনাজপুর সদর বিবেচ্য মাসে জেলা প্রশাসনের সাথে যৌথভাবে বিশ্ব পরিবেশ দিবশ/২০১৯ এবং জাতীয় দুর্যোগ প্রশমন দিবস/২০১৯ পালন করেছে। | | |
| | (১০) প্রশিক্ষণ | বিবেচ্য মাসে লার্নিং সেন্টার মাধ্যমে ১৫০ জন ব্র্যাক উপকারভোগী কর্মী/কর্মকর্তাকে এবং ৩৫০ জন অন্যান্য প্রতিষ্ঠানের কর্মী/কর্মকর্তাকে প্রশিক্ষণ দেওয়া হয়। | | |
| | (১১) নৃত্তাত্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও ক্ষমতায়ন। | বিবেচ্য মাসে নৃত্তাতিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন ও ক্ষমতায়নে ব্র্যাক স্কুলে ২৫৫ জন ছাত্র/ছাত্রীদের ভর্তি করে সকল প্রকার সুযোগ সুবিধা দিয়ে আসছে। | | |
| | (১২) মাদক বিরোধী ও ধুমপান বিরোধী কার্যক্রম | ব্র্যাক দিনাজপুর সদর উপজেলায় মাদক দ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর এবং জেলা প্রশাসনের সাথে যৌথভাবে মাদক বিরোধী এবং ধূমপান মুক্ত দিবস ২০১৯ পালন করেছে। | | |
| গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল | (১) আই কেয়ার সাপোর্ট | বিবেচ্য মাসে ৬টি চক্ষু শিবির (ক্যাম্প) এ রোগীর চোখ পরীক্ষা করা হয়। এছাড়া ক্যাম্পে চক্ষু রোগীর চক্ষু পরীক্ষা ৪,১৩৭ করা হয় এবং ক্যাম্পে চক্ষু রোগীর চোখ অপারেশন করা হয় এবং ২০৪ দরিদ্র রোগীদের বিনামূলে চক্ষু সেবা প্রদান করা হয়। | দিনাজপুর সদর | |
| | (২) কাতার ক্রিয়েটিং ভিশন | বিবেচ্য মাসে ২১৬৯শিশুর চোখ স্ক্রীনিং, ৩৬৫ শিশুর গ্লাস প্রেসক্রাইবড, ১০৮ জন শিশুর হাসপাতাল/ভিশন সেন্টার থেকে গ্লাস প্রোভাইড এবং ১১ জন দরিদ্র শিশুর চক্ষু সেবা সংক্রান্ত আর্থিক সহায়তা প্রদান করা হয়। | | |
| এসবিও | (১) বৃক্ষরোপন কর্মসূচী | বিবেচ্য মাসে বৃক্ষরোপন কর্মসূচীর পরিচর্যার কাজ চলমান রয়েছে। | দিনাজপুর সদর | |
| | (২) বস্তি উন্নয়ন প্রকল্প | বিবেচ্য মাসে বস্তি বাসিদের নিয়ে ২টি মিটিং করা হয়। সেখানকার অবকাঠামোগত উন্নয়ন বিষয় যেমন ড্রেনেজ ব্যবচস্থা উন্নয়ন ও রাস্তার উন্নয়নে কাজ করা হয়। | | |
| ❖ অন্যান্য/বিবিধ | | যেসকল সংস্থা মাসিক প্রতিবেদন জমা দেন নাই তাদের কে আগামী মাস হতে বিনা ব্যর্থতায় প্রতিবেদন জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।<br>উল্লেখযোগ্য সংস্থাগুলো হলো- টিএমএসএস, কাঞ্চন, আশা, এসইউপিকে, অরবিন্ধু শিশু হাসপাতাল, পল্লী বন্ধু, ইএসডিও, নারীর জন্য নারী, অন্বেষন ইত্যাদি। | | |
| ❖ যে সকল সংস্থা সভায় উপস্থিত হয় নাই | | অরবিন্দু শিশু হসপিটাল, কাঞ্চন, এসইউপিকে, পল্লী বন্ধু, প্রত্যাশা, ইত্যাদি সংস্থা সভায় উপস্থিত হয় নাই। | | |

## আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। প্রতিটি সংস্থা তাদের প্রতিবেদনে সুনিদিষ্টভাবে গৃহীত কার্যক্রম দাখিল করবেন এবং প্রতিটি সংস্থাকে প্রতি মাসের ১ হতে তারিখ থেকে ৭ তারিখের মধ্যে মাসিক সভায় কার্যবিবরনীর ছক মোতাবেক মাসিক প্রতিবেদন জমা দেওয়ার জন্য সিদ্ধার্ন্ত গৃহিত হয়। প্রতিটি এনজিওকে প্রকল্প শুরুর প্রাক্কালে এফ ডি-৬ এর কপি উপজেলা সমাজসেবা অফিসারে এর নিকট জমা দেওয়ার সিদ্ধার্ন্ত গৃহিত হয় এবং প্রকল্প চলাকালে স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিকে সক্রিয়ভাবে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সিদ্ধার্ন্ত সভায় গৃহীত হয়।

২। সকল এনজিও/সংস্থা কর্তৃক প্রদেয় স্যানিটেশনসহ অন্যান সুবিধা প্রদানের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে এলাকা নির্বাচনের সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

৩। যে সকল এনজিও কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানে ল্যাট্রিন প্রদানের ব্যবস্থা গ্রহণ করে থাকেন তাঁদের ল্যাট্রিন প্রদানের একটি তালিকা জনস্বাস্থ্য প্রকৌশলীকে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।

৪। অত্র উপজেলার ভিক্ষুক পুর্নবাসনের জন্য ভিক্ষুকের তালিকা মাসিক প্রতিবেদনে এনজিও প্রতিনিধিগন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহীত হয়।

৫। 'দি লেপ্রসি মিশন বাংলাদেশ' সংস্থা আগামী মাসে মাল্টিমিডিয়ার মাধ্যমে তাঁদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৬। সভার কার্যবিবরনীর ছক অনুযায়ী মাসিক প্রতিবেদন প্রদান করার জন্য উপস্থিত সকল এনজিওকে অনুরোধ করা হলো।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন অন্তে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১/১১/১৯

**মোঃ ফিরুজুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
দিনাজপুর সদর, দিনাজপুর।
ফোন নংঃ ০৫৩১-৬৫১২২
E-mail: unodinajpur@mopa.gov.bd

২১/১১/১৯

## পরিশিষ্ট - 'ক'

| | উপস্থিত সদস্যদের নাম ও পদবী | (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|---|
| ১. | জনাব মো: আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর | ” |
| ২. | জনাব জেসম বিশ্বাস, হিসাব রক্ষক, মশীহপাড়া সিডিএসপি, বিডি- ০২২৫, উত্তর গোসাইপুর, সদর, দিনাজপুর | ” |
| ৩. | জনাব পাশা রায়, সমাজ কর্মী, মশীহপাড়া সিডিএসপি, বিডি- ০২২৫, উত্তর গোসাইপুর, সদর, দিনাজপুর | ” |
| ৪. | জনাব মো: মহসিন আলী, জেলা ব্র্যাক প্রতিনিধি, দিনাজপুর | ” |
| ৫. | জনাব মোঃ আব্দুল হান্নান আজাদ, এরিয়া ম্যানেজার, সনাক-টিআইবি, উত্তর বালুবাড়ী, দিনাজপুর | ” |
| ৬. | জনাব ইস্টের অল্পনা দাস, প্রকল্প ব্যবস্থাপক, মশীহাপাড়া চাইল্ড স্পন্সরশীপ প্রোগ্রাম, দিনাজপুর। | ” |
| ৭. | জনাব নেভিল ইজেরদার, প্রকল্প ব্যবস্থাপক, উত্তরবঙ্গ শিশু উন্নয়ন প্রকল্প, আমইর, বিডি- ২৪৫, দিনাজপুর | ” |
| ৮. | জনাব স্বপ্না সুপর্না তপ্ন, জেনারেল সেক্রেটারী, ওয়াইডাব্লিউসিএ, বড়পুল, দিনাজপুর | ” |
| ৯. | জনাব মুর্শেদা পারভীন মলি, সহকারী অফিসার, ডি.ও, পি.ও, এমবিএসকে, সদর, দিনাজপুর | ” |
| ১০. | জনাব মোঃ ইয়াসিন আলী, জেলা সমন্বয়কারী, মানব কল্যাণ পরিষদ-এমকেপি, বালুবাড়ী, দিনাজপুর | ” |
| ১১. | জনাব মো: আলাউদ্দিন, মাঠ কর্মকর্তা, কারিতাস বাংলাদেশ, দিনাজপুর সদর, দিনাজপুর | ” |
| ১২. | জনাব এ.এস.এম তরিকুল ইসলাম, মনিটরিং এন্ড ইভ্যালমেশন অফিসার, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর | ” |
| ১৩. | জনাব মোঃ সাজেদুর রহমান, অফিস সহকারী, গাওসুল আযম বিএনএসবি আই হসপিটাল, দিনাজপুর | ” |
| ১৪. | জনাব মো: হাইউল ইসলাম, ক্লিনিক ম্যানেজার, মেরি স্টোপস ক্লিনিক, নিউটাউন-১, সদর, দিনাজপুর | ” |
| ১৫. | জনাব কমল চন্দ্র বর্মন, ফিল্ড-কোঅর্ডিনেটর, মেরী স্টোপস ক্লিনিক, নিউটাউন-১, সদর, দিনাজপুর | ” |
| ১৬. | জনাব হান্না রায়, এডিআরএ, হাউজ মাদার, এ্যাডরা বাংলাদেশ, সদর, দিনাজপুর | ” |
| ১৭. | জনাব পৌল সরকার, এ্যা এ্যামিন, হাউজ অফ হোপ, বালুবাড়ী, দিনাজপুর | ” |
| ১৮. | জনাব ইমরান হোসেন, অফিস সহকারী, পি.এস.টি.সি, সংযোগ, শেখপুরা, দিনাজপুর | ” |
| ১৯. | জনাব মো: মোকসেদুর রহমান, সুপারভাইজার, সোসাইটি ফর উদ্যোগ, ঘাসিপাড়া, দিনাজপুর | ” |
| ২০. | জনাব রবিন মুরমু, সিডিএফ, দি লেপ্রসি মিশন ইন্টারন্যাশনাল বাংলাদেশ, সদর, দিনাজপুর | ” |
| ২১. | জনাব রাসেল রানা, অর্থ সম্পাদক, উত্তরণ প্রতিবন্ধী সংস্থা, সদরপুর, সদর, দিনাজপুর | ” |
| ২২. | জনাব মুর্শিদা ইসলাম, সার্ভিস প্রমোটর, মেরী স্টোপস, বালুবাড়ী, সদর, দিনাজপুর | ” |
| ২৩. | জনাব মর্জিনা রুপা, প্রজেক্ট কোর্ডিনেটর, জেএসকেএস, ঝানজিরা হাট, সদর, দিনাজপুর | ” |
| ২৪. | জনাব মো: জাহাঙ্গীর আলম, উপজেলা সমন্বয়কারী, ডেমক্রেসিওয়াচ, উত্তর বালুবাড়ী, দিনাজপুর | ” |
| ২৫. | জনাব এডমিন বিশ্বাস, সমাজকর্মী, আমইর সিডিএসপি, বিডি-০২৪৫, আমইর, নশিপুর, সদর, দিনাজপুর | ” |
| ২৬. | যোহন মুর্মু, প্রোগ্রাম অফিসার, ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, ঈদগাহ আবাসিক এলাকা, সদর, দিনাজপুর | ” |
| ২৭. | জনাব লিটুস কুবি, আঞ্চলিক সমন্বয়কারী, সিডিএ, দিনাজপুর সদর অঞ্চল, দিনাজপুর | ” |
| ২৮. | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বাবলু, নির্বাহী পরিচালক, অনুঘটক ডেরগানী-২, রামনগর, দিনাজপুর | ” |
| ২৯. | জনাব বীরেন হাঁসদা, পিআইএফ, গ্রাম বিকাশ কেন্দ্র, আওয়ার স্কুল প্রকল্প, সদর, দিনাজপুর | ” |
| ৩০. | জনাব মিথুয়েল হেম্ব্রম, হিসাব রক্ষক, নুরমিশন বাংলাদেশ, পশ্চিম শিবরামপুর, সদর, দিনাজপুর | ” |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়
দিনজাপুর সদর, দিনাজেপুর।

স্মারক নং- ৪১.০১.২৭৬৪.০০০.০৫.০০৫.২০১৯.-১৫৬ তারিখ ঃ ২১নভেম্বর, ২০১৯ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ**

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসেক, দিনাজেপুর।
৩। চেয়রম্যান, উপজেলা পরিষদ, দিনাজেপুর সদর, দিনাজেপুর।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ**

৪। উপজেলা.........................কর্মকর্তা, দিনাজেপুর সদর, দিনাজেপুর।
৫। চেয়ারম্যান ,..................নং.............ইউপি সকল দিনাজেপুর, দিনাজেপুর।
৬। জনাব....................................এনজিও প্রতিনিধি দিনাজেপুর সদর, দিনাজেপুর।

মোঃ আসাদুজ্জামান
উপজেলা সমাজসেবা অফিসার
দিনাজেপুর সদর,দিনাজেপুর